

জানুয়ারি 2023 থেকে প্রি-K আবেদন শুরু হবে!

প্রিয় পরিবারবর্গ,

আপনার 2019 সালে জন্মগ্রহণকারী কোনও সন্তান আছে কি? যদি হ্যাঁ হয়, তবে আপনি এই শীতে প্রি-K -এর জন্য আবেদন করবেন!

প্রি-K আবেদন জানুয়ারি 2023-এর শেষদিকে শুরু হবে; আমরা যখন আবেদনের সময়ের কাছাকাছি সময়ে তথ্য হালনাগাদ করবো, তখন আরও তথ্যের অপেক্ষায় থাকবেন। প্রস্তুতির জন্য এখন আপনি নিম্নলিখিত কাজগুলো করতে পারেন:

- আমাদের অনুসন্ধানযোগ্য [মাইস্কুলস ডাইরেক্টরি](#) -তে প্রি-K প্রোগ্রামসমূহ অন্বেষণ করুন। আমাদের [website](#)-এ প্রি-K ভিডিও প্লে লিস্ট দেখুন, যাতে কীভাবে অ্যাকাউন্ট তৈরি করতে হয়, সেটাসহ বিভিন্ন মাইস্কুলস টিউটোরিয়াল রয়েছে।
- কীভাবে [মাইস্কুলস ডাইরেক্টরি](#) ব্যবহার করতে হয়, তা শিখুন - আপনার ঠিকানা ও ফিল্টার-এর ভিত্তিতে আপনার প্রয়োজন অনুযায়ী নিকটস্থ প্রোগ্রাম অপশন বা বিকল্পসমূহ খুঁজতে পারবেন। উদাহরণস্বরূপ, আপনি দেরিতে নিয়ে যাওয়ার (লেট পিকআপ) সুযোগদানকারী অথবা হেড স্টার্ট আছে, এমন প্রোগ্রামের জন্য ফিল্টার ব্যবহার করতে পারেন।
- প্রোগ্রাম ওপেন হাউসগুলোতে যোগ দিন! একটি প্রোগ্রাম অনলাইনে কিংবা সশরীরে পরিদর্শন করা, সেখানে পড়াশোনা করতে কেমন লাগবে তা কল্পনা করার একটি উত্তম পন্থা। প্রতিটি প্রোগ্রামের মাইস্কুলস পেজে ওয়েবসাইট তালিকাভুক্ত থাকে, অথবা তারা কোনো ভার্চুয়াল বা সশরীরে অংশগ্রহণের অনুষ্ঠান আয়োজন করবে কিনা, তা জানতে সরাসরি তাদের সাথে যোগাযোগ করুন। এছাড়াও আপনি আমাদের নতুন [মাইস্কুলস ইভেন্টস ক্যালেন্ডার](#) ব্যবহার করে অনুষ্ঠানসমূহ দেখতে ও আপনার ক্যালেন্ডারে সেভ করতে পারবেন।

যেসকল নিউ ইয়র্ক সিটির পরিবারে 2019 সালে জন্মগ্রহণকারী শিশু রয়েছে তাদের আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে। এমনকি আপনার সন্তান বর্তমানে কোনও 3-K প্রোগ্রামে পড়তে থাকলেও আপনি প্রি-K-তে আবেদন করতে পারবেন।

আরও জানতে চান? আমাদের [প্রি-K অ্যাডমিশন ওয়েবসাইট](#) ভিজিট করুন। আমরা আবেদন প্রক্রিয়া জুড়ে একের পর এক অনেকগুলো হালনাগাদ সংবাদ ও স্মারক পাঠাতে থাকবো।

এখনো প্রশ্ন আছে? আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা আপনার স্থানীয় [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) পরিদর্শন করুন।

শুভেচ্ছান্তে,  
এলিমেন্টারি অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](https://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে আমাদের প্রি-K-তে ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) নিশ্চিত করুন। আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনও ইমেইল পেতে না চান, তবে আনসাবস্ক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে ক্লিক করুন](#)।